# বোকা কুমিরের গল্প

(য - ফলা)



এক ছিল শেয়াল । সে ভারি চালাক । আর এক ছিল কুমির । সে ভারি বোকা । তাদের বাসা ছিল বিদ্যাধরী নদীর মধ্যেখানে একটা চরে । তারা ঠিক করল চাষ করবে। কিসের চাষ ? আলুর চাষ । কুমির জানত না যে আলু হয় মাটির নীচে । শেয়ালকে ঠকাবার জন্য সে বললে — গাছের আগার দিক আমার । গোড়ার দিক তোমার ।

আলু হ'ল । কুমির আগার দিকে লতা কেটে নিয়ে এল বাড়ি । এনে দ্যাখে সামান্য একটা আলুও তাতে নেই । তখন মাঠে ফিরে গিয়ে দেখে, শেয়াল ঠ্যাঙ দিয়ে মাটি খুঁড়ছে আর অসংখ্য আলু বের করছে । কুমির ভাবলে, ঠিক আছে ! এবার না হয় ঠকেছি । অন্য বার দেখে নেব ।



পরের বার হ'ল ধানের চাষ। কুমির ভাবলে, এবারে ভাগ্য ফেরাতেই হবে। এই ভেবে, সে শেয়ালকে ডেকে বললে, ভায়া, শুনলাম তুমি নাকি ভেবেছ এবার আমিই আগে ফসলের ভাগ নেব ? না, না, তুমি মিথ্যে ভয় পেওনা সত্যি বলছি, এবারে তুমি আগে ভাগ নিও। আমি বাধ্য ছেলের মত পরে নেব। তুমিই আগাটা নিও, আমি না হয় গোড়াটাই নেব। শেয়াল মুচকি হেঁসে বলল, হ্যাঁ, হ্যাঁ, তাই হবে। অসংখ্য ধন্যবাদ।

তারপর যখন ধান হ'ল শেয়াল আগা কেটে বাড়ি নিয়ে গেল। পরে কুমির এল নাচতে নাচতে। এসে, মাটি খুঁড়ে দ্যাখে গোড়ায় কিছুই নেই। মধ্যেখান থেকে খড়গুলোও গেল।



অসহ্য দুঃখ ও ব্যথায় তার চোখে জল এসে গেল।

**নিজে করো**

1. লেখো —

বিদ্যা — দ্ + য = দ্যা, বিদ্যা, উদ্যোগ

মধ্যে — ধ্ + য = ধ্য, ধ্যে, মধ্যে, বাধ্য

হ্যাঁ — হ্ + য = হ্য, হ্যাঁ, হ্যাংলা

ধন্য — ণ্ + য = ন্য, ধন্য, জন্যে, বন্য, বন্যা

2. **পড়ো ও লেখো** —

গদ্য, পদ্য, খাদ্য, শূন্য, সত্য, নিত্য, রাজ্য,

খাদ্য, মৎস্য, বন্যা, কন্যা, অন্যায়, বিদ্যুৎ, সামান্য,

অসংখ্য, ইত্যাদি, অভ্যাস, বাল্যকাল, বিদ্যালয়

3. **এই ফসলগুলি গাছের কোথায় ফলে, বলো** —

আলু, বেগুন, ধান, কুমড়ো, মূলো, সিম, কচু, কাঁঠাল, আম।

| | মাটীর নিচে | গাছের ডালে | গাছের আগায় |
|---|---|---|---|
| ক | | | |
| খ | | | |
| গ | | | |

4. **ভেবে বলো** —

কুমির কেন আলু গাছের আগা চেয়ে নিয়েছিল ?
কুমির ধান চাষ করেও কেন ধান পেল না ?